# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** বাংলাদেশ এক সময় পাকিস্তানের অন্তর্ভুক্ত ছিল। পাকিস্তানি শাসক ও শোষকদের অত্যাচার থেকে বাঁচার জন্য এদেশবাসী অস্ত্র হাতে নেয়। নয় মাস যুদ্ধ করে, পাকিস্তানিদের পরাজিত করে গঠন করে একটি নতুন রাষ্ট্র।

ক. রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কে সবচেয়ে পুরোনো মতবাদ কী? ১

খ. বিধাতার সৃষ্টিমূলক মতবাদ ব্যাখ্যা করো। ২

গ. বাংলাদেশ রাষ্ট্র সৃষ্টির ক্ষেত্রে কোন মতবাদ প্রযোজ্য? নিরূপণ করো। ৩

ঘ. উক্ত মতবাদের সাথে সামাজিক চুক্তি মতবাদের তুলনামূলক সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

**২.▶** ইমতিয়াজ উচ্চশিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে গমন করেন। শিক্ষা শেষ করে তিনি সে দেশের এক নাগরিককে বিবাহ করেন। তিনি যুক্তরাষ্ট্রে বসবাস শুরু করেন এবং নিয়মিত ও সময়মতো কর প্রদান করেন।

ক. নাগরিকতা অর্জনের কয়টি পদ্ধতি রয়েছে? ১

খ. দ্বৈত নাগরিকতা বলতে কী বোঝায়? ২

গ. ইমতিয়াজ কোন সূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিকতা লাভ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "ইমতিয়াজের সময়মতো কর প্রদান সুনাগরিকের একটি বিশেষ গুণকে নির্দেশ করে।"— উক্তিটি মূল্যায়ন করো। ৪

**৩.▶** সৌম্য পৌরনীতি বিষয়ক একটি বইয়ে পড়ল যে, সমাজে সবার সমান মর্যাদা। জাতি-ধর্ম-বর্ণ ইত্যাদি নির্বিশেষে যোগ্যতা অনুযায়ী সবাই সমান সুযোগ-সুবিধা লাভ করে। মানুষের বিভিন্নমুখী বিকাশ সাধনের জন্য প্রত্যেকের বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা প্রয়োজন হয়। এ সুযোগ সুবিধার মধ্যে মতামত প্রকাশ, ভোট দেওয়া, বৈধ পেশা, ন্যায্য মজুরি পাওয়া অন্যতম।

ক. আইন কত প্রকার? ১

https://teachingbd24.com

খ. আইন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের বর্ণিত বিষয়টি পাঠ্যবইয়ের কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকের বিষয়বস্তু ও স্বাধীনতা পরস্পর পরিপূরক।'— যাচাই করো। ৪

৪.▶ শিক্ষক ক্লাসে একটি রাষ্ট্রব্যবস্থার বিভিন্ন বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করছিলেন। তিনি বললেন, এখানে জনগণ সকল ক্ষমতার উৎস। এটি জনগণের কল্যাণার্থে পরিচালিত একটি শাসনব্যবস্থা। এখানে একাধিক রাজনৈতিক দল রয়েছে। তবে এটি সচল করার জন্য নাগরিকদের গণতান্ত্রিক আচরণ করতে হবে।

ক. ক্ষমতা বণ্টন নীতির ভিত্তিতে রাষ্ট্র কত প্রকার? ১

খ. সংসদীয় সরকার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন ধরনের রাষ্ট্রব্যবস্থার কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উক্ত ব্যবস্থার সফলতার জন্য নাগরিকদের গণতান্ত্রিক আচরণ করতে হবে।'— বিশ্লেষণ করো। ৪

৫.▶ মৌরী বিবাহসূত্রে ব্রিটেন গমন করে। সে তার নতুন বন্ধু মার্গারেটের কাছ থেকে জানতে পারে, তাদের সংবিধান প্রথা, রীতিনীতি ও আচার অনুষ্ঠানের উপর ভিত্তি করে গড়ে উঠেছে। মৌরী মার্গারেটকে জানান, তার দেশের সংবিধান ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের চেতনার উপর ভিত্তি করে রচিত। জনগণের মৌলিক অধিকারের কথা সংবিধানে লিখিত আকারে রয়েছে।

ক. 'কতিপয় মৌলিক প্রতিষ্ঠানের সুষম ব্যবস্থাই সংবিধান।'— উক্তিটি কার? ১

খ. লিখিত সংবিধানকে প্রগতির অন্তরায় হিসেবে বিবেচনা করা হয় কেন? ২

গ. মার্গারেটের দেশের সংবিধান কোন প্রকৃতির— ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মৌরীর দেশের সংবিধান উত্তম সংবিধান।'— তুমি কি উক্তিটির সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ বাংলাদেশ সরকারের একটি বিভাগের অন্যতম উদ্দেশ্য হলো নাগরিকের মৌলিক অধিকার রক্ষা করা। দেশের একজন নাগরিক মৌলিক অধিকার ভঙ্গ হওয়ায় 'X' কোর্টে মামলা করেন। কিন্তু 'X' কোর্টের রায় তার বিপক্ষে গেল। তিনি মনে করলেন 'X' কোর্টের রায় যথাযথ হয়নি। তাই তিনি আদালতের সুবিচার পাওয়ার জন্য পুনরায় মামলা করার কথা ভাবতে লাগলেন।

ক. রাষ্ট্রের শাসনকাজ পরিচালনার দায়িত্ব কার? ১

খ. নাগরিকের মৌলিক অধিকার রক্ষায় হাইকোর্টের ভূমিকা বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের ব্যক্তির ন্যায়বিচার পাওয়ার আর কি কোনো উপায় আছে? কীভাবে তিনি তা করতে পারেন? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. 'X' কোর্ট সর্বোচ্চ আদালত হিসেবে সংবিধান রক্ষা করেন, মৌলিক অধিকার রক্ষা করেন এবং ন্যায়বিচার নিশ্চিত করেন'— উক্তিটির সপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

৭.▶ জনাব আনিসুর রহমান রূপগঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে নির্বাচনে অংশগ্রহণ করেন। নির্বাচনি প্রচারকালে তার কর্মীরা বিভিন্ন প্রার্থীর পোস্টার, ব্যানার ইত্যাদি নষ্ট করে এবং অন্য প্রার্থী সম্পর্কে মিথ্যা অভিযোগ করে। জনাব আনিসুর রহমান সাহায্যের নামে প্রচুর অর্থ ব্যয় করেন। তিনি প্রভাবশালী হওয়ায় তার বিরুদ্ধে অন্য প্রার্থীরা কোন ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি।

ক. নির্বাচন কী? ১

খ. সামাজিক ঐক্য প্রতিষ্ঠায় রাজনৈতিক দলের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. নির্বাচনি আচরণ বিধি অনুযায়ী জনাব আনিসুর রহমানের অপরাধের দণ্ড আলোচনা করো। ৩

ঘ. 'জনাব আনিসুর রহমানের কর্মকাণ্ড নির্বাচনের উদ্দেশ্যকে ব্যাহত করছে।'— উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ মাত্র ২৮ বছর বয়সে জনাব আলাউদ্দিন একটি পরিষদ নির্বাচনে বিপুল ভোটে জয়লাভ করে চেয়ারম্যান হন। নির্বাচনি প্রচারণার সময় জনগণের কাছে উন্নয়ন ও কল্যাণমূলক কাজ করার অঙ্গীকার করেছিলেন। তার একান্ত ইচ্ছা জাতীয় রাজনীতিতে অংশগ্রহণ করা। এ লক্ষ্যে তিনি ইতিমধ্যে কাজও শুরু করেছেন এবং জনগণের কাছে দেওয়া নির্বাচনি অঙ্গীকারগুলো বাস্তবায়নের চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তিনি বলেন, 'উক্ত পরিষদ নির্বাচনে মহিলাদের জন্য আসন সংরক্ষণ একটি যথার্থ ব্যবস্থা'—

ক. একটি ইউনিয়ন কয়টি ওয়ার্ডে বিভক্ত? ১

খ. ইউনিয়ন পরিষদের আয়ের দুটি উৎস ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত পরিষদে নির্বাচিত হওয়ার মধ্য দিয়ে কীভাবে জনাব আলাউদ্দিনের নেতৃত্বের বিকাশ ঘটছে— তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত, "পরিষদে মহিলাদের জন্য সংরক্ষিত আসন একটি যথার্থ ব্যবস্থা।"— এ উক্তির সাথে তুমি কি একমত? সপক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

৯.▶ আনোয়ারা বেগম ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্য। তিনি তার আওতাভুক্ত এলাকায় দরিদ্র মানুষের মধ্যে ভিজিএফ (VGF) কার্ড বিতরণ করেন।

ক. চীনের প্রতি বর্গকিলোমিটারে কত লোক বাস করে? ১

খ. দারিদ্র্য কীভাবে জনসংখ্যা বাড়ায়? ২

গ. উদ্দীপকের আনোয়ারা বেগমের কার্যক্রম সরকারের কী ধরনের কার্যক্রম? ব্যাখ্যা করো। ৩

ঘ. সরকারের সহায়ক কার্যক্রম হিসেবে এ ধরনের কার্যক্রমে নাগরিক হিসেবে আমাদের করণীয় ব্যাখ্যা করো। ৪

১০.▶ মুক্তিযোদ্ধা সুমন সাহেব একজন অবসরপ্রাপ্ত চাকরিজীবি। চাকরি জীবনের প্রথম দিকের কথা তার বেশ মনে পড়ছে। দেশ ছিল তখন পশ্চিম পাকিস্তানিদের হাতে। অফিসের চিঠিপত্রগুলো বিদেশি ভাষায় লিখতে হতো। আজ আর সেদিন নেই। নিজের ভাষাতেই অফিসের চিঠিপত্রগুলো এখন লিখছে সবাই। বিদেশি ভাষার বিরুদ্ধে প্রতিবাদ করতে গিয়ে স্কুলজীবনের সহপাঠী আনিসের জীবনদান তার কাছে আজ সার্থক বলে মনে হয়। তিনি মনে করেন, আনিসকে অনুসরণ করেই পরবর্তীকালে নিজের সহযোদ্ধা গফুর, আশীষ এবং নাম না জানা আরও অনেকের আত্মত্যাগের ফসলই বাংলাদেশের স্বাধীনতা।

ক. লাহোর প্রস্তাব গৃহীত হয় কত তারিখে? ১

খ. কোন নির্বাচনের মাধ্যমে পূর্ব পাকিস্তানে মুসলিম লীগের একচ্ছত্র আধিপত্য লোপ পায়? ব্যাখ্যা করো। ২

গ. আনিসের জীবনদান বাংলাদেশের কোন রাজনৈতিক ঘটনাকে নির্দেশ করে— ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সুমন সাহেব, গফুর ও আশীষ আমাদের গর্ব'— বিশ্লেষণ করো। ৪

১১.▶ ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর ঢাকায় প্রথম সম্মেলন অনুষ্ঠানের মধ্য দিয়ে একটি আঞ্চলিক সংস্থার যাত্রা শুরু হয়। সংস্থাটির বর্তমান সদস্য সংখ্যা ৮। এর সচিবালয় নেপালের রাজধানী কাঠমান্ডুতে অবস্থিত। এর প্রধানের পদবি সেক্রেটারি জেনারেল।

ক. নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাষ্ট্র কয়টি? ১

খ. অছি পরিষদ কী কী কাজ করে থাকে? ২

গ. উদ্দীপকে যে সংস্থাটির কথা বলা হয়েছে তা গঠনের উদ্দেশ্য বর্ণনা করো। ৩

ঘ. উক্ত সংস্থার সাথে বাংলাদেশের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড : ১ ৪ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. রাষ্ট্র গড়ে ওঠার কারণ হলো—**
ক) নিরাপদ ও সভ্য জীবনযাপনের জন্য
খ) সুশৃঙ্খল জীবনযাপনের জন্য
গ) যাযাবর জীবনযাপনের জন্য
ঘ) স্বাধীনভাবে জীবনযাপনের জন্য

**২. জাতিসংঘের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও শক্তিশালী শাখা কোনটি?**
ক) সাধারণ পরিষদ খ) অছি পরিষদ
গ) নিরাপত্তা পরিষদ
ঘ) অর্থনৈতিক ও সামাজিক পরিষদ

**৩. 'আধুনিক গণতান্ত্রিক শাসন কার্যত রাজনৈতিক দলের শাসন।'— উক্তিটি কার?**
ক) লর্ড ব্রাইস খ) ফাইনার
গ) এরিস্টটল ঘ) সিএফ স্ট্রং

**৪. রাষ্ট্র কোন ধরনের প্রতিষ্ঠান?**
ক) রাজনৈতিক খ) সামাজিক
গ) অর্থনৈতিক ঘ) সাংস্কৃতিক

**৫. ফেরদৌস আরা 'M' নামক জেলা প্রশাসক। তিনি ঐ জেলায় একটি নতুন বিদ্যালয় স্থাপন করলেন? এটি তার কোন ধরনের কাজ?**
ক) প্রশাসনিক খ) শাসন সংক্রান্ত
গ) উন্নয়নমূলক ঘ) রাজস্ব সংক্রান্ত

**৬. কোন দেশে রাজনৈতিক দলের অস্তিত্ব নেই?**
ক) ভারত খ) আমেরিকা
গ) কেনিয়া ঘ) সৌদি আরব


**৭. রাষ্ট্রের উৎপত্তির অন্যতম উপাদান কোনটি?**
ক) রাজনৈতিক চেতনা খ) যুদ্ধবিগ্রহ
গ) রক্তের সম্পর্ক ঘ) ধর্মের বন্ধন

**৮. কোনটি নাগরিকের সামাজিক অধিকার?**
ক) নিজ বাড়িতে বসবাস করা
খ) ন্যায্য মজুরি পাওয়া
গ) শিল্প কারখানায় শ্রমিক সংঘ গড়ে তোলা
ঘ) বিপদে আপদে সরকারের কাছ থেকে প্রতিকার পাওয়া

**৯. 'যে প্রচলিত রীতি ভঙ্গ করলে শাস্তির বিধান করা হয় তা ভঙ্গ করাই অপরাধ'— উক্তিটি কার?**
ক) সাদারল্যান্ড খ) র‍্যাডক্লিফ ব্রাউন
গ) পিগু ঘ) ম্যাকাইভার

**১০. যোগ্যতা অনুযায়ী পেশা গ্রহণ এবং উপযুক্ত পারিশ্রমিক লাভ করাকে কী বলে?**
ক) রাজনৈতিক স্বাধীনতা
খ) অর্থনৈতিক স্বাধীনতা
গ) জাতীয় স্বাধীনতা
ঘ) ব্যক্তিগত স্বাধীনতা

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**




**১১. '?' চিহ্নিত স্থানে কোন সংবিধানকে বোঝানো হয়েছে?**
ক) লিখিত খ) অলিখিত
গ) সুপরিবর্তনীয় ঘ) দুষ্পরিবর্তনীয়

**১২. ছকে উল্লিখিত সংবিধানের ত্রুটি হলো—**
i. দুষ্পরিবর্তনীয়
ii. বিপ্লবের সম্ভাবনা থাকে
iii. নমনীয় হয়ে থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৩. বাংলাদেশের আইনসভা হলো—**
i. এক কক্ষবিশিষ্ট
ii. আইন প্রণয়নকারী সংস্থা
iii. দ্বি-কক্ষবিশিষ্ট
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. একটি আধুনিক শাসন বিভাগ যেসব কাজ সম্পাদন করে তার মধ্যে একটি হলো—**
i. আর্থিক উন্নয়নমূলক
ii. রাজনৈতিক দল গঠন সংক্রান্ত
iii. সমবায় নিয়ন্ত্রণ সংক্রান্ত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

১৫. নাগরিকের অধিকার রক্ষা ও ন্যায়বিচার নিশ্চিত করার জন্য প্রয়োজন?

i. বিচার বিভাগ
ii. আইন বিভাগ  iii. শাসন বিভাগ

নিচের কোনটি সঠিক?

ক i  খ ii
গ iii  ঘ i ও ii

১৬. সংসদের গৃহীত বিল কখন আইনে পরিণত হয়?

ক সংসদ সদস্যের স্বাক্ষরের পরে
খ স্পিকারের স্বাক্ষরের পরে
গ প্রধানমন্ত্রীর স্বাক্ষরের পরে
ঘ রাষ্ট্রপতির স্বাক্ষরের পরে

১৭. স্থানীয় সরকার ব্যবস্থা কেন্দ্রীয় নির্দেশে পরিচালিত এবং কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত। এ থেকে কী বোঝা যায়?

ক কেন্দ্রীয় সরকার স্থানীয় সরকারের নিকট দায়ী
খ স্থানীয় সরকার কেন্দ্রীয় কর্তৃত্বের নিকট দায়ী
গ স্থানীয় সরকার স্বাধীন
ঘ কেন্দ্রীয় সরকার স্বতন্ত্র

১৮. বাংলাদেশের কোন এলাকার জন্য বিশেষ স্থানীয় সরকার ব্যবস্থা আছে?

ক গ্রাম এলাকা  খ শহর এলাকা
গ সীমান্ত এলাকা  ঘ পার্বত্য এলাকা

১৯. প্রত্যেক ওয়ার্ড থেকে কয়জন সাধারণ সদস্য জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হন?

ক ১ জন  খ ২ জন
গ ৩ জন  ঘ ৪ জন

২০. সিটি কর্পোরেশন কোন ধরনের প্রতিষ্ঠান?

ক প্রাতিষ্ঠানিক  খ অপ্রাতিষ্ঠানিক
গ স্বায়ত্তশাসিত  ঘ আন্তর্জাতিক

২১. নিরক্ষর মানুষ কীসের শামিল?

ক অন্ধের  খ বেকার
গ মূর্খের  ঘ অসচেতনতার

২২. নাগরিকদের মাঝে সামাজিক ও নৈতিকতাবোধ জাগ্রত করতে কোনটি করতে হবে?

ক বেকার ভাতা প্রদান করতে হবে
খ কর্মসংস্থান বৃদ্ধি করতে হবে
গ সবার জন্য শিক্ষার সুযোগ নিশ্চিত করতে হবে
ঘ গণসচেতনতা বৃদ্ধি করতে হবে

২৩. দ্রুত জনসংখ্যা বৃদ্ধির অর্থনৈতিক কুফল কোনটি?

ক বেকার সমস্যা  খ আবাসিক সমস্যা
গ মানবসম্পদের উন্নয়নের বাধা
ঘ সামাজিক কুসংস্কার

২৪. জাতিসংঘের পূর্ববর্তী বিশ্ব সংস্থার নাম কী?

ক লিগ অব কান্ট্রিজ
খ লিগ অব কনফারেন্স
গ লিগ অব নেশনস
ঘ লিগ অব ন্যাকানলিজম

২৫. স্বাধীনতার জন্য কারা যুদ্ধ করেছেন?

ক ছাত্ররা  খ পুলিশরা
গ মুক্তিযোদ্ধারা  ঘ সর্বস্তরের জনগণ

২৬. বিশ্বের দ্বিতীয় বৃহত্তম আন্তর্জাতিক সংগঠন কোনটি?

ক জাতিসংঘ  খ আসিয়ান
গ আরব লীগ  ঘ কমনওয়েলথ

২৭. সার্কের অন্যতম লক্ষ্য হলো—

i. মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন
ii. পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি
iii. ব্যবসা-বাণিজ্যের প্রসার

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৮. মহাসচিব নিয়োগ, বাজেট পাস, নতুন সদস্য গ্রহণ জাতিসংঘের কোন শাখার কাজ?

ক অছি পরিষদের  খ সাধারণ পরিষদের
গ নিরাপত্তা পরিষদের
ঘ অর্থনৈতিক ও সামাজিক পরিষদের

২৯. 'ব্রিটিশ রাজত্বের সূর্য অস্ত যেত না'— উক্তিটি কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য?

ক ওআইসি  খ কমনওয়েলথ
গ জাতিসংঘ  ঘ আসিয়ান

৩০. আন্তর্জাতিক সম্মেলনে বাংলাদেশের পক্ষে রাষ্ট্রের প্রতিনিধিত্ব করেন কে?

ক বাংলাদেশের রাষ্ট্রদূত
খ পররাষ্ট্র সচিব
গ রাষ্ট্রপতি  ঘ প্রধানমন্ত্রী

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ |

Teachingbd24.com